MAR 17 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৫ কলাম ... ৬ ...

# বেতনের বর্ধিত ১০ শতাংশ প্রদানের ক্ষেত্রে সরকার প্রতারণা করেছে

## ........শিক্ষক-কর্মচারী ঐক্যজোট

স্টাফ রিপোর্টার ঃ সরকার ঘোষিত বেসরকারী শিক্ষকদের বেতনের বর্ধিত ১০ শতাংশ প্রদানের ক্ষেত্রে সরকারের নতুন ঘোষণায় শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নেতৃবৃন্দ গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। সরকারের এই সিদ্ধান্তের প্রতিবাদে গত ১৬ মার্চ শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের এক জরুরী সভা মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জোটের প্রধান সমন্বয়কারী প্রফেসর এম শরীফুল ইসলাম। সভায় বলা হয়, বেতনের বর্ধিত ১০ শতাংশ ১৯৯৭ সালের জুলাই

৭-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## শিক্ষক কর্মচারী ঐক্যজোট

৮-এর পৃষ্ঠার পর

মাস থেকেই কার্যকর হওয়ার কথা থাকলেও সরকারের নতুন ঘোষণায় শিক্ষকদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করা হয়েছে। সভায় বলা হয়, সরকারের প্রতিশ্রুতি মোতাবেক জানুয়ারী মাসের বেতনের সঙ্গেই শিক্ষক-কর্মচারীদের ৬ মাসের বর্ধিত বেতনের ১০ শতাংশ প্রদানের কথা ছিল। কিন্তু এখন সরকারের নতুন ঘোষণায় চলতি অর্থবছরে ৬ মাসের বকেয়া এবং আগামী অর্থবছরে পরবর্তী ৬ মাসের বকেয়া প্রদানের কথা বলা হয়েছে, যা শিক্ষক সমাজের সাথে রীতিমতো প্রতারণা। সভায় চুক্তি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের বেতনের বর্ধিত অংশ চলতি অর্থবছরেই প্রদানের আহবান জানানো হয়। সভায় অবিলম্বে শিক্ষকদের অবসরভাতা অধ্যাদেশ '৯৬ কার্যকর, কল্যাণ ট্রাস্ট-এর স্থগিত কার্যক্রম চালু, জাতীয় বেতন স্কেলের অনুপাতে বার্ষিক ইনক্রিমেন্ট ও চিকিৎসা ভাতা প্রদান এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের প্রস্তাবিত চাকরিবিধি কার্যকর করার দাবী জানানো হয়।

সভায় বক্তব্য রাখেন জোটের মহাসচিব সেলিম ভুঁইয়া, প্রিন্সিপাল মাজহারুল হান্নান, প্রিন্সিপাল ইসহাক হোসেন, প্রিন্সিপাল আবদুর রশীদ, সিদ্দিকুর রহমান, হারুন অর রশীদ পাঠান, লিয়াকত আলী, মাকসুদ রেজা, শফিকুল ইসলাম প্রমুখ।

**নকলে উদ্বেগ**

শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নেতৃবৃন্দ এসএসসি পরীক্ষার প্রথম দিনে নকল প্রতিরোধে ব্যর্থ হওয়ার খবরে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। গতকাল (শনিবার) প্রদত্ত এক বিবৃতি ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী প্রফেসর এম শরীফুল ইসলাম ও অন্যতম সমন্বয়কারী সেলিম ভুঁইয়া বলেন, কর্তৃপক্ষের সদিচ্ছার অভাবেই দুর্নীতি ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। বিবৃতিতে নেতৃবৃন্দ গৌরনদী কলেজে নকল প্রতিরোধ করতে গিয়ে সন্ত্রাসীদের হামলায় শিক্ষক আহত হওয়ায় গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা প্রকাশ করেন। পরীক্ষার হলে ম্যাজিস্ট্রেট ছুরিকাহত হওয়ার ঘটনায়ও নেতৃবৃন্দ নিন্দা জ্ঞাপন করেন।